16

দৈনিক জনকণ্ঠ

তারিখ 0 1 JAN 1997
পৃঃ ১৭ কলাম ৪

# ভর্তিযুদ্ধ এবার রাজধানীর সরকারী স্কুলে॥ আজ ফরম বিতরণ শুরু

ইলিয়াস খান

রাজধানীর গবর্নমেন্ট ল্যাবরেটরি স্কুলের নোটিস বোর্ডে লেখা রয়েছে— 'ভর্তির যাবতীয় তথ্যাবলী আগামী পয়লা জানুয়ারি পাওয়া যাবে।' বোর্ডটির সামনে দাঁড়িয়ে অসংখ্য অভিভাবক খুটিয়ে খুটিয়ে নোটিসটি পড়ছেন। এক সময় নোটিস দেখে স্কুলের গেটে এসে বিভিন্ন ধরনের ভর্তি গাইড কিনছেন। লক্ষ্য একটিই—আদরের সন্তান-সন্ততিকে এই স্কুলটিতে ভর্তি করা। এই দৃশ্য শুধু গবর্নমেন্ট ল্যাবরেটরি স্কুলের সামনেই নয়, নগরীর নামী-দামী সকল স্কুলের সামনে এটি প্রতিদিনের দৃশ্য।

প্রায় এক মাস ধরে এ যুদ্ধ চলে আসছে। এক স্কুল থেকে আরেক স্কুলে সন্তানকে ভর্তি করানোর জন্য অভিভাবকরা দৌড়ে বেড়াচ্ছেন। তবে শেষ যুথ এখন সরকারী স্কুলগুলোতে।

আজ পয়লা জানুয়ারি, '৯৭ নববর্ষের সূচনায় নগরীর সরকারী স্কুলগুলোতে একযোগে ফরম বিতরণ শুরু হবে। অনেক অভিভাবক নববর্ষকে বরণ করতে যাচ্ছেন ভর্তি যুদ্ধ দিয়ে।

রাজধানীতে তিন শতাধিক সরকারী ও অর্ধশতাধিক বেসরকারী প্রাথমিক বিদ্যালয় থাকলেও অভিভাবকদের টার্গেটে রয়েছে ১৫/২০টি সরকারী-বেসরকারী স্কুল। এ সবের যে কোন একটিতে ভর্তি করাই অভিভাবকদের একমাত্র লক্ষ্য। ইতোমধ্যে অধিকাংশ বেসরকারী স্কুলেই ভর্তি পরীক্ষা হয়ে গেছে। ভিকারুন নিসা নূন, হলিক্রস; উদয়ন স্কুলে গত রবিবার ভর্তি পরীক্ষা শেষ হয়। এসব স্কুলে আসনের চেয়ে আবেদন পড়েছে ১৫/১৬ গুণ বেশি। দেখা গেছে ভিকারুন নিসা নূন স্কুলের প্রথম শ্রেণীর পাঁচ শ' আসনের বিপরীতে আবেদন পড়েছে ৬ হাজার ৬শ' ৫৮টি। উদয়ন স্কুলে ১৭৫টি আসনের জন্য আবেদন পড়ে ৬২৫টি। একইভাবে ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুলের কেজির ৭০ ও প্রথম শ্রেণীর ২০টি আসনের জন্য আবেদন পড়েছে সহস্রাধিক। শুধু প্রথম শ্রেণীতে ভর্তির ক্ষেত্রেই এ যুদ্ধ নয়, ৬ষ্ঠ ও ৯ম শ্রেণীর ভর্তির জন্য প্রতিযোগিতা চলছে। জানুয়ারির প্রথম সপ্তাহের মধ্যেই বেসরকারী স্কুলগুলোতে ভর্তি প্রক্রিয়া শেষ হবে বলে জানা গেছে। ভর্তি প্রক্রিয়ায় পিছিয়ে রয়েছে রাজধানীর সবচেয়ে নামকরা আইডিয়াল স্কুল। গত ২২ ও ২৩ ডিসেম্বর মাত্র দু'দিন এ স্কুলের ভর্তি ফরম বিক্রি হয়। স্কুলের গবর্নিং বডি ভেঙ্গে দেয়ায়, এবং ছাত্র ভর্তি ও শিক্ষক নিয়োগের যাবতীয় কার্যক্রম বন্ধ ঘোষণা করায় বর্তমানে ভর্তি ফরম বিক্রি করা হচ্ছে না। গতকাল মঙ্গলবার পর্যন্ত ভর্তি পরীক্ষার সকল কার্যক্রম বন্ধ ছিল। আজ বুধবার থেকে সিদ্ধান্ত নেয়া হতে পারে।

এখন ভর্তি যুদ্ধ শুরু হবে সরকারী স্কুলগুলোতে। আজ পয়লা জানুয়ারি থেকে একযোগে ফরম বিতরণ শুরু হবে। জানুয়ারির মাঝামাঝি সময় পর্যন্ত ফরম বিতরণ চলবে। ভর্তি প্রক্রিয়া শেষ হতে পুরো জানুয়ারি মাস চলে যাবে বলে জানা গেছে। বেসরকারী স্কুলের চেয়ে সরকারী স্কুলে প্রতিযোগিতা কম হবে বলে ধারণা করা হচ্ছে। কেননা এসব স্কুলে একই দিন একই সময়ে পরীক্ষা নেয়া হবে। ফলে একজন ভর্তিচ্ছু ছাত্র এক সাথে একাধিক স্কুলে আবেদন করতে পারবে না। সরকারী স্কুলগুলোতে প্রথম, চতুর্থ, ৬ষ্ঠ ও ৯ম শ্রেণীতে ভর্তি করা হবে। পুরো জানুয়ারি মাসই চলবে এ ভর্তি যুদ্ধ।